

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৫৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি সালাতুল লাইলের জন্য তার স্ত্রীকে জাগিয়ে তুলে, অতঃপর তারা দুইজনে দুই রাকা'আত সালাত আদায় করে, তবে মহান আল্লাহ তাদেরকে 'অধিক যিকিরকারী নর ও অধিক যিকিরকারী নারীদের অন্তর্ভুক্ত হিসেবে লিপিবদ্ধ করেন

ذِكْرُ كِتْبَةِ اللَّهِ جَلَّ وَعَلَا الْمُوقِظَ أَهْلَهُ لِصلَاةِ اللَّيْلِ مِنَ الذَّاكِرِينَ اللَّهَ كَثِيرًا وَالذَّاكِرَاتِ بَعْدَ أَنْ صلَّيا رَكْعَتَيْنِ

আরবী

2559 ـ أُخْبَرَنَا أَحْمَدُ بْنُ يَحْيَى بْنِ زُهَيْرٍ بِتُسْتَرَ حَدَّقْنَا مُحَمَّدُ بْنُ عُثْمَانَ الْعِجْلِيُّ حَدَّقْنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ شَيْبَانَ عَنِ الْأَعْمَشِ عَنْ عَلِيّ بْنِ الْأَقْمَرِ عَنِ الْأَغْرِ عَنْ أَبِي عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ وَأَبِي هُرَيْرَةَ قَالَا: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (من اسْتَيْقَظَ مِنَ اللَّيْلِ وَأَيْقَظَ أَهْلَهُ فَقَامَا فصليًا رَكْعَتَيْنِ كُتِبَا مِنَ الذَّاكِرِينَ اللَّهَ كَثِيرًا وَالذَّاكِرَاتِ) اللَّيْلِ وَأَيْقَظَ أَهْلَهُ فَقَامَا فصليًا رَكْعَتَيْنِ كُتِبَا مِنَ الذَّاكِرِينَ اللَّهَ كَثِيرًا وَالذَّاكِرَاتِ) الراوي : أَبُو هُرَيْرَةَ وَ أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ المحدث : العلامة ناصر الدين الألباني المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2559 ا خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1182).

বাংলা

২৫৫৯. আবূ সা'ঈদ খুদরী ও আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যে ব্যক্তি রাতে জাগ্রত হয় এবং তার স্ত্রীকে জাগিয়ে তুলে, অতঃপর তারা দুই রাকা'আত সালাত আদায় করে, তবে তাদেরকে 'আল্লাহকে অধিক স্মরণকারী নর ও অধিক স্মরণকারী নারীগণ'এর পর্যায়ভুক্ত হিসেবে লিপিবদ্ধ করা হয়।"[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ১৩৩৫; সহীহ ইবনু খুযাইমাহ: ১১৪৮; মুসনাদ আহমাদ: ২/২৫০; আবূ দাউদ: ১৩০৮; নাসাঈ:



৩/২০৫; ইবনু মাজাহ: ১৩৩৬; সুনান বাইহাকী: ২/৫০১; হাকিম: ১/৩০৯।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১১৮২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন